



**বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়**  
**VIDYASAGAR UNIVERSITY**  
**Question Paper**

**B.A General Examinations 2022**

**(Under CBCS Pattern)**

**Semester - IV**

**Subject : BENGALI**

**Paper : AECC (CORE) MIL-2 T**

**Full Marks : 60**

**Time : 3 Hours**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*The figures in the margin indicate full marks.*

**উনিশ শতকের বাংলা প্রবন্ধ ও লোকসাহিত্য**

**বিভাগ-ক**

যেকোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

২×৫=১০

- ১। ‘ভগবান অর্জুনকে বলেছেন তুমি আমার শরণ লও,’—কার লেখা, কোন্ প্রবন্ধের অংশ এটি? ১+১
- ২। ‘ইহাই বাঙ্গালা ভাষায় উৎকৃষ্ট গীতিকাব্য’।—এখানে কোন্ কোন্ রচনাকে বঙ্কিমচন্দ্র উৎকৃষ্ট গীতিকাব্য হিসেবে বিবেচনা করেছেন, তার উদাহরণ দাও। ২
- ৩। রামেন্দ্রসুন্দর ত্রিবেদীর ‘ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর’ প্রবন্ধটি কত সালে কোথায় পাঠ করা হয়েছিল? ২
- ৪। ‘মুসলমানী বাঙ্গালা’ প্রবন্ধে হরপ্রসাদ শাস্ত্রী ‘মুসলমানী বাঙ্গালা’ বলতে কোন্ কোন্ বিশেষ রচনার প্রতি ইঙ্গিত করেছেন? ২

P.T.O.

- ৫। ‘কোথায় পাব কলসী কইন্যা কোথায় পাব দড়ী।  
তুমি হও গহীন গাঙ্গ আমি ডুব্যা মরি।’—বক্তা কে? সে কাকে উদ্দেশ্য করে কথাগুলি বলেছে? ১+১
- ৬। ‘এই দেশে দরদী নাইরে কারে কইবাম কথা।  
কোন জন বুঝিবে আমার পুরা মনের বেথা।’—কে কোন্ প্রসঙ্গে এই কথাগুলি বলেছে, তা উল্লেখ করো। ১+১
- ৭। ‘নাহি আমার মাতাপিতা গর্ভ সুদর ভাই।  
সুতের হেওলা অইয়া ভাইস্যা বেড়াই॥’—কে, কাকে উদ্দেশ্য করে এই কথাগুলি বলেছে? ১+১
- ৮। ‘মহুয়া’ পালায় উল্লিখিত দুটি পুরুষ ও দুটি নারী চরিত্রের নামোল্লেখ করো। ২

### বিভাগ-খ

যেকোন চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- ৯। ‘এত প্রভেদ সত্ত্বেও বিদ্যাসাগর খাঁটি বাঙ্গালী ছিলেন।’—প্রাবন্ধিক রামেন্দ্রসুন্দর ত্রিবেদীর এই মন্তব্যের কারণ সংক্ষেপে পর্যালোচনা করো।
- ১০। ‘গীতিকাব্য’ প্রবন্ধে বঙ্কিমচন্দ্র ভারতীয় আলংকারিকদের মতকে সামনে রেখে কাব্যকে কয়টি ভাগে ভাগ করেছেন এবং প্রতিটি ভাগের যে উদাহরণ দিয়েছেন তা উল্লেখ করো।
- ১১। ‘গুড়গুড়ে কৃষ্ণব্যাল ভট্টাচার্য—মহাপণ্ডিত, বিশ্বব্রহ্মাণ্ডের খবর তার নখদর্পণে।’—‘ভাববার কথা’ প্রবন্ধে অবলম্বনে কৃষ্ণব্যাল ভট্টাচার্যের চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।
- ১২। ‘মহুয়া’ পালার নাট্যগুণ সংক্ষেপে আলোচনা করো।
- ১৩। ‘মহুয়া’ গীতিকাটি প্রেমমনস্তত্ত্বে সমুজ্জ্বল।—মন্তব্যটি সংক্ষেপে আলোচনা করো।
- ১৪। ‘মুসলমানী বাঙ্গলা’ সম্পর্কে হরপ্রসাদের ভাবনাটি সংক্ষেপে লেখো।

### বিভাগ-গ

যেকোন তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

- ১৫। ‘গীতিকাব্য’ প্রবন্ধটি অবলম্বনে বঙ্কিমচন্দ্রের কবিত্বভঙ্গির পরিচয় দাও।
- ১৬। ‘ভাববার কথা’ প্রবন্ধে স্বামী বিবেকানন্দ সত্যের শিক্ষার যে স্বরূপ তুলে ধরেছেন, তা নিজের ভাষায় লেখো।
- ১৭। ‘তাহার বঙ্গদেশে আবির্ভাব এক অদ্ভুত ঐতিহাসিক ঘটনার মধ্যে গণ্য হইবে।’—রামেন্দ্রসুন্দর ত্রিবেদীর বিদ্যাসাগর প্রবন্ধে অবলম্বনে মন্তব্যটি আলোচনা করো।
- ১৮। গীতিকা হিসেবে ‘মহুয়া’ পালার সার্থকতা বিচার করো।
- ১৯। ‘মহুয়া’ পালা অবলম্বনে পালং সই চরিত্রটির গুরুত্ব আলোচনা করো।

Or,

**Paper - AECC - T**  
**(MIL)**

ভাষাতত্ত্ব ও সাহিত্যতত্ত্ব

বিভাগ-ক

যেকোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

২×৫=১০

- ১। শৈলীবিজ্ঞানের সংজ্ঞা দাও। ২
- ২। ভাষাপরিকল্পনার দুটি কারণ লেখো। ২
- ৩। অলংকারবাদের প্রধান প্রবক্তা কে? তিনি কোন্ শতাব্দীর আলংকারিক? ১+১
- ৪। কুস্তক বহ্নোক্তিকে কয়টি শ্রেণিতে ভাগ করেছেন ও কী কী? ১+১
- ৫। ‘ঔচিত্যবিচারচর্চা’ গ্রন্থটির লেখক কে? তিনি কোন্ শতকের আলংকারিক? ১+১
- ৬। আলংকারিক মহিমভট্ট ঔচিত্যকে কয়টি শ্রেণিতে বিভক্ত করেছেন ও কী কী? ২
- ৭। আলংকারিক ভোজ তাঁর ‘সরস্বতীকণ্ঠভরণ’ গ্রন্থে ঔচিত্যকে কয়টি ভাগে ভাগ করেছেন ও কী কী? ১+১
- ৮। নারীবাদ বা ফেমিনিজম শব্দটি প্রথম কে কত সালে ব্যবহার করেছিলেন বলে অনুমান করা হয়? ১+১

বিভাগ-খ

যেকোন চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- ৯। বাংলা ভাষার বানান সমস্যার সমাধান নিয়ে সংক্ষেপে লেখো।
- ১০। বিচ্যুতি কী আলোচনা করো।
- ১১। সমান্তরতা (Parallelism) সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- ১২। কাশ্মীরি আলংকারিক ক্ষেমেন্দ্রর ঔচিত্য সম্পর্কে বক্তব্য সংক্ষেপে আলোচনা করো।
- ১৩। ‘কাব্যং গ্রাহ্যমলংকারাৎ’ মতটি কতখানি যুক্তিযুক্ত, তা আলোচনা করো।
- ১৪। আধুনিক সাহিত্য আন্দোলনে রিয়ালিজম বা বাস্তববাদের উদ্ভবের প্রেক্ষাপটটি সংক্ষেপে আলোচনা করো।

P.T.O.

## বিভাগ-গ

যেকোন তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

- ১৫। শৈলী কী? শৈলীবিজ্ঞানের সাহায্যে শৈলী বিচারের স্তরগুলি আলোচনা করো।
- ১৬। ভাষাপরিকল্পনার নীতি ও পদ্ধতিগুলি আলোচনা করো।
- ১৭। আধুনিক সাহিত্য আন্দোলনে স্যুররিয়ালিজমের ভূমিকা কতখানি, সে বিষয়ে আলোচনা করো।
- ১৮। কুস্তক তাঁর ‘বক্রেগঞ্জীবিতম্’ গ্রন্থে যে বক্রেগঞ্জীবাদের তত্ত্ব উপস্থাপন করেছেন, তা আলোচনা করো।
- ১৯। ‘রীতিরাত্মা কাব্যস্য’—মতটি আলোচনা করো।

Vidyasagar University



**বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়**  
**VIDYASAGAR UNIVERSITY**

**Question Paper**

**B.A General Examinations 2022**

(Under CBCS Pattern)

**Semester - IV**

**Subject : BENGALI**

**Paper : DSC 1D/2D-T**

সাহিত্যতত্ত্ব ও সাহিত্যনির্মাণকলা

**Full Marks : 60**

**Time : 3 Hours**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*The figures in the margin indicate full marks.*

বিভাগ-ক

যেকোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

২×৫=১০

- ১। 'কাব্যজিজ্ঞাসা'র প্রবন্ধগুলি কোন্ পত্রিকায়, কত সালে প্রথম প্রকাশিত হয়েছিল?
- ২। 'লোচনটীকা' কার রচনা? তিনি কোন্ শতাব্দীর আলংকারিক ছিলেন?
- ৩। আচার্য ভরতের মতে 'স্থায়ীভাব' কয়টি ও কী কী?
- ৪। বৈয়াকরণ ও নৈয়ায়িকদের মতে শব্দের কয়টি ও কী কী শক্তি বা বৃত্তি আছে?
- ৫। মাত্রা বা কলা কাকে বলে? মাত্রা কয় প্রকার ও কী কী?
- ৬। লয় কাকে বলে? লয় কয় প্রকার ও কী কী?

P.T.O.

৭। যমক অলংকার কাকে বলে উদাহরণসহ বুঝিয়ে দাও।

৮। স্মরণোপমা অলংকার কাকে বলে উদাহরণসহ বুঝিয়ে দাও।

### বিভাগ-খ

যেকোন চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

৯। উদাহরণসহ অসংলক্ষ্যক্রম ধ্বনি ও তার প্রকারভেদ আলোচনা করো।

১০। টীকা লেখো :

(ক) অর্থান্তরসংক্রমিতবাচ্য ধ্বনি।

(খ) অত্যন্ততিরস্কৃতবাচ্য ধ্বনি।

১১। মিশ্রকলাবৃত্ত ছন্দের শোষণশক্তি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

১২। ছন্দ নির্ণয় করো :

গলির মোড়ে বেলা যে পড়ে এলো,  
পুরোনো সুর ফেরিওলার ডাকে,  
দূরে বেতার বিছায় কোন্ মায়া,  
গ্যাসের আলো জ্বলা এদিন শেষে।

১৩। উৎপ্রেক্ষা অলংকার কাকে বলে? উদাহরণসহ উৎপ্রেক্ষা অলংকারের প্রভাবভেদ আলোচনা করো।

১৪। শ্লেষ অলংকার কাকে বলে? উদাহরণসহ শ্লেষ অলংকারের প্রকারভেদ আলোচনা করো।

### বিভাগ-গ

যেকোন তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

১৫। “কাব্য যে মানুষের উপাদেয়, সে এই অলংকারের জন্য। কাব্যং গ্রাহ্যমলংকারাৎ।”—আলোচনা করো।

১৬। বিভাব, অনুভাবের ও সঞ্চরীভাবের সহযোগে কীভাবে রস নিষ্পত্তিলাভ করে তা উদাহরণসহ বুঝিয়ে দাও।

১৭। কলাবৃত্ত ছন্দ কাকে বলে? উদাহরণসহ এ ছন্দের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

১৮। দলবৃত্ত ছন্দ কাকে বলে? সূত্রাকারে এই ছন্দের বৈশিষ্ট্যগুলি বিবৃত করো এবং একটি উদাহরণ দিয়ে ছন্দটির প্রকৃতি বুঝিয়ে দাও।

১৯। রূপক অলংকার কাকে বলে? উদাহরণসহ রূপক অলংকারের প্রকারভেদ আলোচনা করো।



**বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়**  
**VIDYASAGAR UNIVERSITY**  
**Question Paper**

**B.A General Examinations 2022**  
(Under CBCS Pattern)  
**Semester - IV**  
**Subject : BENGALI**  
**Paper : SEC 2-T**

**Full Marks : 40**  
**Time : 2 Hours**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*  
*The figures in the margin indicate full marks.*

অনুবাদতত্ত্ব ও সৃজনশীল রচনা

বিভাগ-ক

যেকোন চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- ১। অনুবাদের ক্ষেত্রে অনুবাদককে কোন্ কোন্ বিষয় সর্বাধিক গুরুত্ব দিতে হয়, তা সংক্ষেপে আলোচনা করো।
- ২। সংবাদপত্র পাঠের প্রয়োজনীয়তা সম্পর্কে নিজের মতামত সংক্ষেপে ব্যক্ত করো।
- ৩। অতিমারী পরিস্থিতিতে অনলাইন শিক্ষা কতখানি কার্যকরী সে বিষয়ে নিজের মতামত ব্যক্ত করো।
- ৪। বাংলার যে কোনো একটি উৎসব সম্পর্কে একটি প্রতিবেদন রচনা করো।

P.T.O.

- ৫। সাহিত্যচর্চায় লিটল ম্যাগাজিন বা ছোট কাগজের গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো।
- ৬। সাম্প্রতিক পণ্যমূল্য বৃদ্ধি ও গণজীবনে তার প্রভাব কতখানি, সে বিষয়ে সংক্ষেপে নিজের মতামত ব্যক্ত করো।

বিভাগ-খ

যেকোন দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- ৭। অনুবাদ কী? সাহিত্যে অনুবাদচর্চার গুরুত্ব আলোচনা করো।
- ৮। অনুবাদ সাহিত্যের ইতিহাসে বিদ্যাসাগরের অবদান আলোচনা করো।
- ৯। অনুবাদ সাহিত্যের ইতিহাসে বুদ্ধদেব বসুর অবদান আলোচনা করো।
- ১০। সাংস্কৃতিক চর্চায় বইমেলায় গুরুত্ব আলোচনা করো।



Or,

## Paper - SEC 2-T

বাংলা ধ্বনিতত্ত্ব ও রূপতত্ত্ব

## বিভাগ-ক

যেকোন চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- ১। টীকা লেখো : অঘোষধ্বনি, সঘোষধ্বনি।
- ২। ধ্বনি পরিবর্তনের চারটি মূলধারা কী? উদাহরণ দাও।
- ৩। উপসর্গ কাকে বলে? একটি করে সংস্কৃত, বাংলা এবং বিদেশি উপসর্গের উদাহরণ দাও।
- ৪। বিভক্তি কাকে বলে? বিভক্তি কয়প্রকার ও কী কী, উদাহরণসহ আলোচনা করো।
- ৫। স্বরসঙ্গতি কাকে বলে? উদাহরণসহ স্বরসঙ্গতির বিভাগগুলি আলোচনা করো।
- ৬। অপিনিহিতি কাকে বলে, উদাহরণসহ আলোচনা করো।

## বিভাগ-খ

যেকোন দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- ৭। বাংলা স্বরধ্বনির শ্রেণীবিন্যাস করো। ১০
- ৮। উচ্চারণ প্রকৃতি অনুযায়ী ব্যঞ্জনধ্বনির শ্রেণীবিভাগ করো। ১০
- ৯। ধ্বনি পরিবর্তনের কারণগুলি আলোচনা করো। ১০
- ১০। প্রত্যয় কাকে বলে? প্রত্যয়কে কয়টি ভাগে ভাগ করা যায় ও কী কী? প্রতিটি বিভাগ উদাহরণ সহযোগে আলোচনা করো। ২+২+৬